

ক্রীতদাসে পরিণত হয়েছিলেন। তৃতীয়ত, এই সুলতানরা সিংহাসনে আরোহণের সময় কেউই ক্রীতদাস ছিলেন না; তাঁরা ছিলেন মুক্ত, স্বাধীন ও উচ্চ রাজকর্মচারী, এমনকি সুলতানের সঙ্গে বৈবাহিক সম্বন্ধে আবদ্ধ। সুতরাং 'দাসবংশ' নামকরণের কোনো ঐতিহাসিক যুক্তি নেই।

□ **উপসংহার :** উপরোক্ত বক্তব্যের প্রেক্ষাপটে আধুনিক ঐতিহাসিকদের অনেকে ১২০৬-১২৯০ খ্রিস্টাব্দ পর্যন্ত সময়ের সুলতানদের 'মামেলুক সুলতান' বা স্থায়ী অধিকারভুক্ত এলাকার শাসক বলে অভিহিত করেছেন। ঐতিহাসিক কে. এ. নিজামি আবার 'দাসবংশের সুলতান' কথার পরিবর্তে 'প্রথম পর্বের তুর্কি সুলতান' বলে অভিহিত করেছেন।